

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫

www.iresppw-brdb.gov.bd


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৫২.১৩-২৩৭

তারিখঃ ০৭/০৭/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব নুসরাত নওশীন সুবর্ণা এর কার্যক্রম সন্তোষজনক না হওয়ায় ও তার কর্মস্থল মেহেন্দীগঞ্জ, বরিশাল এর মেয়াদোত্তীর্ণ খেলাপী আশংকাজনক হারে বৃদ্ধি পাওয়ায় মোবাইল ট্র্যাকিং এর মাধ্যমে বিগত ০১ মাস তার গতিবিধি পর্যবেক্ষন করা হয়। এতে দেখা যায় তিনি কর্মস্থলের (মেহেন্দীগঞ্জ, বরিশাল) বাহিরে বরিশাল শহরে অবস্থান করে সপ্তাহে ৩/৪ দিন ১০.০০ টা থেকে ১১.০০ টার মধ্যে অফিসে আসেন ও ১.৩০ টা থেকে ২.৩০ টার মধ্যে অফিস ত্যাগ করেন এবং প্রায়ঃশই বৃহস্পতিবার ও রবিবার অফিসে আসেন না। এ বিষয়টি অধিকতর নিশ্চিত হওয়ার জন্য বিগত ০৪/০৭/২০১৯ খ্রিঃ তারিখ উপজেলা দপ্তরে যোগাযোগ করা হয় এবং জানা যায় তিনি অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করেছেন। তাছাড়া তথ্য রয়েছে তিনি অগ্রিম হাজিরা বহি স্বাক্ষর করেন এবং সমিতি পরিদর্শনসহ কর্মসূচি'র কার্যক্রম যথাযথভাবে তদারকি করেন না। কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে তার এ ধরনের দায়িত্বহীন আচরণের জন্য উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। উল্লেখ্য, পূর্ববর্তী কর্মস্থল সমূহেও কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান না করাসহ যথাযথভাবে সমিতি পরিদর্শন ও কার্যক্রম তদারকি না করায় তাকে বারংবার ব্যাখ্যা তলব করা হয়; তদুপরি তিনি সংশোধন হন নি। কর্মস্থলে অবস্থান না করা, বিলম্বে অফিসে উপস্থিত হওয়া এবং অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ তার নিয়মিত অভ্যাসে পরিণত হয়েছে। উল্লেখ্য, কর্পোরেট সীম অফিসে রেখে অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করায় বিভিন্ন সময়ে মোট ১৩ দিনের বেতন স্থগিত করা হয়।

এমতাবস্থায়, কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান না করা, বিলম্বে অফিসে উপস্থিত হওয়া, অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করা এবং যথাযথভাবে কার্যক্রম তদারকি না করা ও দায়িত্বহীন আচরণের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পাওয়ায় কেন তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা হিসেবে কর্মসূচি'র নিয়োগপত্রের ২(ঘ) নং শর্ত অনুযায়ী অব্যাহতি প্রদান করা হবে না তার সন্তোষজনক জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোনঃ ৮১৮০০১৪৪

জনাব নুসরাত নওশীন সুবর্ণা
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,
ইরেসপো, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ, জেলাঃ বরিশাল

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ, জেলাঃ বরিশাল।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ, জেলাঃ বরিশাল।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন/অর্থ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।